



বাংলাদেশ দূতাবাস  
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

## বাংলাদেশ দূতাবাস, ব্যাংককের উদ্যোগে থাইল্যান্ডের Bangkok Art and Culture Centre (BACC) এ চিত্রকলা প্রদর্শনীর শুভ উদ্বোধন

ব্যাংকক, ২৭ মার্চ ২০২৪

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উপলক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, ব্যাংককের উদ্যোগে আজ থাইল্যান্ডের Bangkok Art and Culture Centre (BACC) এর Curved Wall এ চিত্রকলা প্রদর্শনীর শুভ উদ্বোধন করা হয়েছে। শুভ উদ্বোধন করেন দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই এবং থাইল্যান্ডের সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-স্বায়ী সচিব H.E. Mrs. Yuthika Isarangkura। এ চিত্রকলা প্রদর্শনীর থিম ছিল 'Dreams of Colours: Connecting two Lands and two peoples'। উক্ত প্রদর্শনীতে বাংলাদেশ থেকে ১৮ জন প্রথিতযশা শিল্পী এবং থাইল্যান্ডের ৪ জন প্রথিতযশা শিল্পী অংশগ্রহণ করেন। বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক; বাংলাদেশ অনারারী কনসাল (চনবুরী), থাই প্রেসিডেন্ট ফুড পাবলিক কোম্পানী লিমিটেড, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এ প্রদর্শনীর পৃষ্ঠপোষকতা করেন। বিশেষ সহযোগী হিসেবে ছিলেন The Gallery Chittrak, Dhaka এবং Department of Fine Arts, Thammasat University। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগতিক দেশের সংস্কৃতি মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, ব্যাংককস্থ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনৈতিকবৃন্দ, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই তাঁর সূচনা বক্তব্যে বাংলাদেশ থেকে আগত শিল্পীবৃন্দ এবং থাইল্যান্ডের শিল্পীদের ধন্যবাদ জানান। এ ধরনের প্রদর্শনী প্রতি বছর আয়োজনের উপর তিনি গুরুত্বারোপ করেন। এরপর অনুষ্ঠানের প্রধান অতিথি থাইল্যান্ডের সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-স্বায়ী সচিব H.E. Mrs. Yuthika Isarangkura তাঁর বক্তব্যে বলেন, এ প্রদর্শনীটি থাই এবং বাংলাদেশি নাগরিকদের মধ্যে পারস্পরিক সম্পর্ককে আরোও উন্নত করবে এবং চিত্রকলার মাধ্যমে পরস্পরকে সেইসাথে দুই দেশকে গভীরভাবে জানার সুযোগ করে দিবে। এছাড়া, Department of Fine Arts, Thammasat University এর সহকারী অধ্যাপক Mr. Prarunrop Prueksopée এবং বাংলাদেশি শিল্পীদের পক্ষ থেকে জনাব মাহফুজুর রহমান উক্ত অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্বর অধিকারী ।

